বিষপানের ৩ দিন পর দুই সন্তানের জনকের মৃত্যু

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়নের বটিয়াপাড়া গ্রামে ঋনে জালে জড়িয়ে দিশেহারা যুবক বিষপানে আত্মহত্যা করেছে। গত মঙ্গলবার সকালে সে বাড়িতে থাকা ঘাসমারা বিষ পান করে। গতকাল দুপুর ১২ টার দিকে খুলনা আড়াইশো বেড়ে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরন করে। ময়না তদন্ত শেষে গ্রামের পারিবারিক কবরস্থানে জানাজা শেষে দাফন কাজ সম্পন্ন করা হয়েছে।

পারিবারিক সূত্রে জানা গেছে, আলমডাঙ্গার বটিয়াপাড়া গ্রামের সারোয়ার মোল্লার ছেলে। দুই সন্তানের জনক শামিম (৩০) আশা, জাগরণ, ব্রাক, সিও, সিএস, আত্মবিশ্বাস এনজিও থেকে অনেক টাকা ঋন গ্রহন করে। আয়ের সমস্ত টাকা প্রতি সপ্তাহে ঋনের কিস্তি দিতে হয়।

ঋনের জালে জড়িয়ে দিন কাটে খেয়ে না খেয়ে। স্ত্রী সন্তান নিয়ে সংসার চালাতে হিমসিম খেতে হয়। দিশেহারা হয়ে হতাশায় ভেঙে পড়ে সে। গত মঙ্গলবার সকাল ১০ টার দিকে বাড়িতে থাকা ঘাসমারা বিষ পান করে শামিম। পরিবারের লোকজন তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করলে তাকে খুলনা আড়াইশ বেড হাসপাতালে রেফার করে চিকিৎসক।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে শামিম খুলনা আড়াইশো বেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরন করে। সেখানেই লাশের সূরতহাল রিপোর্ট শেষে হাসপাতাল মর্গে ময়না তদন্ত করা হয়। ময়না তদন্ত শেষে লাশ গ্রামে নেওয়া হয়। সন্ধ্যায় গ্রামের পারিবারিক কবরস্থানে জানাজা শেষে দাফন কাজ সম্পন্ন করা হয়।

এনজিও ঋনে জড়িয়ে আত্মহত্যা করা নিয়ে গ্রামে উত্তেজনা বিরাজ করতে থাকে। এ সময় উত্তেজিত জনতা জানান আগামী কাল থেকে গ্রামে এনজিও কর্মীদের গ্রামে ঢুকতে দেওয়া হবে না। একাধিক এনজিওর খপ্পরে পড়ে অনেকেই সর্বশান্ত হয়ে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে।

এ ব্যাপারে খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস বলেন, চোখের সামনে দেখলাম কতগুলো পরিবারকে ধ্বংস হতে। একাধিক পরিবারকে কিস্তির ঋণের চাপে গ্রাম ছেড়ে অন্যথায় চলে গেছে। ঋনের জালে জড়িয়ে কেউ যেন আত্মহত্যা না করে সেই জন্য এলাকাবাসীকে সঙ্গে নিয়ে সকল এনজিও কর্মীদের

আলমডাঙ্গায় নুর মোহাম্মদ মেমোরিয়াল (প্রাঃ) হাসপাতালের উদ্বোধন

আলমডাঙ্গায় নুর মোহাম্মদ মেমোরিয়াল (প্রাঃ) হাসপাতালের উদ্বোধন করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দীন আহমেদ হাদী।
গতকাল বুধবার দুপুর ২ টার দিকে এ হাসপাতালের উদ্বোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসাল্টেন্ট ডা. আব্দুস সালাম, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, সাংবাদিক হামিদুল ইসলাম আজম, রহমান মুকুল, গোলাম সারোয়ার সদু, তানভির সোহেল।

হাসপাতালের পরিচালক মামুন রেজার পরিচালনায় আরো উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাস্টার, ডা. সাফায়েতুল ইসলাম হিরু, জয়নাল ক্যাপ, সাবেক চেয়ারম্যান দারুস সালাম, কামরুজ্জামান হিরো, শফিউজ্জামান মিঠু, আসাদুল হক, হারুন অর রশিদ, ডা. শোভন, ডা. আমেনা প্রমুখ।

আলমডাঙ্গায় মেয়র প্রার্থীর আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেয়র প্রার্থী আবুল কালাম আজাদ বিজয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধা ও শহীদের

স্বরণে দোয়া ও আলোচনা সভা করেছে।

গতকাল বুধবার সন্ধ্যায় মেয়র প্রার্থীর নির্বাচনি অফিস প্রাঙ্গণে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

এ অনুষ্ঠানে জেলা কৃষকলীগের সহ-সভাপতি আসাদুল হকের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে আবুল কালাম আজাদ বলেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চেতনাকে উদ্বুদ্ধ করা।

সেই সময় বাঙালি জাতিকে উদ্বদ্ধ করে পাকিস্তানি সেনাবাহিনীদের বিরুদ্ধে দাঁড় করিয়ে বিজয়টাকে ছিনিয়ে এনেছিলো বাংলার দামাল ছেলেরা।

এই যুদ্ধে যারা শহীদ হয়েছেছিলো তাদেরকে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করতে চাই। অনেক মা বোন যারা ইজ্জত দিয়েছিলেন, তার বিনিময়ে স্বাধীন বাংলা অর্জন করেছি। তাদেরকে আমরা স্মরণ করতে চাই।

৫০ বছর পেরিয়ে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিয়ে চলেছে।

এ আলোচনা সভায় উপস্থিত ছিলেন, জেলা কৃষকলীগের যুগ্ম সম্পাদক আব্দুল্লাহীল দিপক, হাজী বিস্কুট, হাজী নুরুল ইসলাম, সাবেক ছাত্রলীগ কামরুল ইসলাম, শিক্ষক রেজাউল, সামিম, ব্যবসায়ী কাজেম আলি, আব্দুর রাজ্জাক, সাবেক কমিশনার শফি উদ্দিন, আমেরিকা প্রবাসী টেমস, ছনি, নিপ্পন,তাইফুর, আলিফ, প্রিন্স, লক্ষণ, চন্দন, মিকাইল, বাবু, বিশু ঘোষ, ডা.হাফিজুর, মালেক, হুমায়ন, হাফিজ,আতিয়ার প্রমুখ।

জীবননগরে বন্ধু রক্তদান কেন্দ্রের প্রতিষ্ঠা বার্ষিকী

পালিত

রক্তদিন জীবন বাঁচান এই স্লোগানকে সামনে রেখে জীবননগরে সে¦চ্ছাসেবী সংগঠন বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল বুধবার শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এবং একতা ডায়াগনস্টিক সেন্টারের সহযোগিতায় বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।
বন্ধু রক্তদান কেন্দ্রের সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে অুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটেন জীবননগর থানার ওসি (অপারেশন) সুকেন্দ্র বসু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, সাংবাদিক মাজেদুল মিল্টন, শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপদেষ্টা শাজাহান সিরাজ, আ.খ.ম.সালাউদ্দিন কবির, সাজেদা আক্তার, খালেদা আক্তার, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আলী, লাবনী, ওমর ফারুক, সাদিয়া, রবিন, সোহাগ, জাহিদ, মিম, নিশান, রমজান, রিয়াজ।

২০১৯ ও ২০২০ সালের সেরা রক্তদান কারী শিপন বিশ্বাস। শাকিব হোসেন রবিন, তুহিনুজ্জামান ও সাদিয়াকে সেরা রক্ত সংগ্রহকারী ক্রেস্ট প্রদান করা হয়।
অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন বন্ধু রক্তদান কেন্দ্রের সাধারণ সম্পাদক তুহিনুজ্জামান।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের স্মৃতি কমপ্লেক্সের নির্মাণ

কাজ চালুর দাবিতে মানববন্ধন

জীবননগরে বন্ধ হয়ে যাওয়া মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্সের কাজ পুনরায় চালু করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার সময় স্থানীয় মুক্তিযোদ্ধা ও স্থানীয় জনগণের আয়োজনে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবখালী গ্রামে এ মাববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বন্ধ হয়ে যাওয়া ধোপাখলী সম্মুখ যুদ্ধে নিহত মুক্তিযোদ্ধাদের স্মৃতি কমপ্লেক্সটির কাজ পুনরায় চালুর দাবি করেন মুক্তিযোদ্ধাসহ স্থানীয় ব্যক্তিরা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলার সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার নিজাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু প্রমুখ।

আলমডাঙ্গায় যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালিত

আলমডাঙ্গায় নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। করোনাভাইরাসের কারণে কর্মসূচিতে এসেছে কিছুটা পরিবর্তন। বন্ধ করা হয়েছে কুচকাওয়াজসহ নানা অনুষ্ঠান। বিজয়ের প্রথম প্রহরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিনের সূচনা করা হয়।

বুধবার সকালে হাইরোডে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা নির্বাহি অফিসার লিটন আলি, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সুলতান জোয়াদ্দার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারী কমিশনার ভুমি, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমঙ্গীর

কবির,থানার ওসি তদন্ত মাসুদুর রহমান।

এরপর বীর মুক্তিযোদ্ধা, আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত শেষে জাতীয় পতাকা উত্তোলন ও সালাম গ্রহণ করেন উপজেলা নির্বাহি কর্মকর্তা ও থানার ওসি।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।

জীবননগরে সোনালী ব্যাংক ছিনতাই ঘটনায় চার জন আটক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী সোনালী ব্যাংক থেকে দিনেদুপুরে ব্যাংক কর্মকরা-কর্মচারীদের জিম্মি করে নগদ টাকা ছিনতাইয়ের ঘটনায় জড়িত চার ছিনতাইকারীকে আটক করেছে পুলিশ।

গত সোমবার রাতভর অভিযান চালিয়ে এদের আটক করা হয়। এসময় ছিনতাই হওয়া টাকার মধ্যে পাঁচ লাখ তিন হাজার টাকা এবং ছিনতাইয়ের কাজে ব্যবহৃত অস্ত্র ও মালামাল উদ্ধার করা হয়।

আজ মঙ্গলবার বিকেল ৩টার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

আটককৃতরা হলেন, জীবননগর উপজেলার দেহাটী গ্রামের রফিক উদ্দিনের ছেলে সাফাতুজ্জামান রাসেল (৩০), মৃত আক্তারুজ্জামান বাচ্চুর ছেলে মো. রকি (২৩), মফিজুল শাহ’র ছেলে মাহাফুজ আহম্মেদ আকাশ (১৯) ও সেকেন্দার মন্ডলের ছেলে মো. হাবিবুর (২০)।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, চলতি বছরের ১৫ নভেম্বর দুপুরে সোনালী ব্যাংকের উথলী শাখায় ছিনতাইয়ের ঘটনা ঘটে। এ ঘটনার এক মাসের মাথায় ঘটনার সাথে জড়িত চার আসামীকে আটক করা হয়।

এসময় ছিনতাই হওয়া আট লাখ ৮২ হাজার ৯০০ টাকার মধ্যে পাঁচ লাখ তিন হাজার টাকা, ছিনতাইয়ের কাজে ব্যবহৃত দুটি খেলনা পিস্তল, দুটি চাপাতি, দুটি মোটর সাইকেল ও ছিনতাইয়ের টাকায় কেনা একটি ল্যাপটপ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, ভারতীয় সিরিয়াল ক্রাইম পেট্রোল দেখে এই ছিনতাইয়ে জড়িত হয়েছে। পাশাপাশি জেলার সকল সরকারী ব্যাংকে সিসিটিভি লাগানোর জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, গত ১৫ নভেম্বর চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় সোনালী ব্যাংক উথলী শাখায় অস্ত্রধারী দুর্বৃত্তরা দুপুরে হেলমেট ও পিপিই পরে তিনজন গ্রাহক পরিচয়ে ব্যাংকে ঢুকে অস্ত্রের মুখে প্রহরী,

কর্মকর্তা ও কর্মচারীদের জিম্মি করে ক্যাশ কাউন্টার থেকে প্রায় ৯ লাখ টাকা লুট করে পালিয়ে যান।

আলমডাঙ্গায় সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন ও আলোচনা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন সাহিত্য পরিষদের সহ-সভাপতি ও সম্পাদক মন্ডলির সদস্য হামিদুল ইসলাম আজম।

পত্রিকার মোড়ক উন্মোচন করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হেসেন।

আজ বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে, পত্রিকার মোড়ক উন্মোচনী সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির,ওসি আলমগীর কবির,মুক্তিযোদ্ধের সংগঠক ডাঃশাহাবুদ্দিন,সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার,মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন,কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা,উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ,মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি,

উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,বিআর ডিবি কর্মকর্তা শায়লা সারমিন,সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন,উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মজিবর রহমান,প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

মৎস সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার,খাদ্য পরিদর্শক রাকিবুল ইসলাম,সমবায় কর্মকর্তা মজিবর রহমান,কবি হাবিবুর রহমান মজুমদার,মহিলা,কবি গোলাম রহমান চৌধুরি,কবি জামিরুল ইসলাম,কবি ইউনুছ আলী,কবি মিজান,কবি নাহিদ,কবি সলক প্রমুখ

দামুড়হুদার রুদ্রনগরের হিফজ পড়ুয়া ছাত্র সজিব নিখোঁজ

দামুড়হুদার রুদ্রনগর কাওমী মাদ্রাসা ও এতিমখানার হিফজ পড়ুয়া ছাত্র সজিব রায়হান(১৫) ৮ দিন যাবত নিখোঁজ রয়েছে। সজিব রায়হান দামুড়হুদা উপজেলার অন্তর্ভুক্ত দর্শনা থানার ফুরশেদ গ্রামের আব্বাস আলীর ছেলে।

নিখোঁজ মাদ্রাসা ছাত্রের বাবা-মা জানান, গত ৭ ডিসেম্বর সকালে দামুড়হুদা উপজেলার রুদ্রনগর কওমী মাদ্রাসা ও এতিমখানার ছাত্র সজিব রায়হান নিখোঁজ হয় বলে মাদ্রাসার শিক্ষক তার বাড়িতে মোবাইল করে জানান। মোবাইলে শিক্ষক বলেন আপনার ছেলে ঐ দিন সকাল ৮টার দিকে মাদ্রাসা থেকে পরণে পাঞ্জাবী , লুঙ্গি, গায়ে হলুদ রঙের চাদর এবং মাথায় টুপি দিয়ে কোথায় গেছে, এখন পর্যন্ত মাদ্রাসায় আসে নাই ।

আমরা ঐ দিন সন্ধ্যা আনুমানিক ৭টার সময় মাদ্রাসায় গিয়ে আমার ছেলেকে খোঁজ করলে মাদ্রাসার হুজুর বলে যে, আপনার ছেলে এখনো মাদ্রাসায় আসে নাই । পরবর্তীতে আমরা পুনরায় আমাদের নিকট আত্মীয় স্বজনের বাড়িতে সহ বিভিন্ন স্থানে খোঁজাখুজি করে কোথাও আমার ছেলে সজিব রায়হানকে পাইনি।

নিখোঁজ সজিব রায়হানের শারীরিক বর্ণনা দিয়ে তার বাবা-মা বলেন, আমার ছেলের গায়ের রং ফর্সা, লম্বা ৫ ফুট ৩ ইঞ্চি, মাথার চুলের রং কালো। এ ঘটনায় নিখোঁজের পিতা আব্বাস সোমবার দামুড়হুদা মডেল থানায় একটি সাধারণ ডায়েরি করেছে।

নিখোঁজ মাদ্রাসা ছাত্রের পরিবার সকলের নিকট দোয়া কামনা করে